



জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা- ২০১৮

সময়সূচি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী ২০১৮ সালের জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবে।

ক্রমিক	বিষয়	বিষয় কোড	তারিখ ও দিন	বিষয়	বিষয় কোড
	পরীক্ষা শুরুর সময় সকাল ১০টা			পরীক্ষা শুরুর সময় বিকাল ২টা	
১.	কুরআন মজিদ ও তাজবিদ	১০১	০১-১১-২০১৮ বৃহস্পতিবার	X	
২.	আরবি-১ম পত্র	১০৩	০৩-১১-২০১৮ শনিবার	X	
৩.	আরবি-২য় পত্র	১০৪	০৪-১১-২০১৮ রবিবার	X	
৪.	আকাইদ ও ফিকহ	১৩৩	০৫-১১-২০১৮ সোমবার	X	
৫.	গণিত	১০৮	০৮-১১-২০১৮ বৃহস্পতিবার	X	
৬.	ইংরেজি	১০৭	১০-১১-২০১৮ শনিবার	ইংরেজি-২য়পত্র (অনিয়মিত)	১৩৭
	ইংরেজি-১মপত্র (অনিয়মিত)	১৩৬			
৭.	বাংলা	১০৬	১১-১১-২০১৮ রবিবার	বাংলা-২য়পত্র (অনিয়মিত)	১৩৫
	বাংলা-১মপত্র (অনিয়মিত)	১৩৪			
৮.	বিজ্ঞান	১১৭	১২-১১-২০১৮ সোমবার	X	
৯.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	১৪০	১৩-১১-২০১৮ মঙ্গলবার	কৃষিশিক্ষা (অনিয়মিত)	১১৩
				গার্হস্থ্য বিজ্ঞান (অনিয়মিত)	১১৮
১০.	বাংলাদেশ ও বিশ্ব পরিচয়	১৪৩	১৪-১১-২০১৮ বুধবার	X	

নির্দেশাবলী :-

- প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
- সৃজনশীল ও বহুনির্বাচনি পরীক্ষায় একই উত্তরপত্র ব্যবহার করতে হবে।
- নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য এবং কর্ম ও জীবনমুখী শিক্ষা বিষয়ের মধ্যে যে কোন একটি এবং কৃষি শিক্ষা/গার্হস্থ্য বিজ্ঞান/উর্দু/ফার্সি বিষয়ের মধ্যে যে কোন একটি এনসিটিবি/এনসিসি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। পরীক্ষার্থীর রোলনম্বর পাওয়ার পর সংশ্লিষ্ট কেন্দ্র সচিব পরীক্ষা চলাকালীন বোর্ডের ওয়েবসাইটে অনলাইনের মাধ্যমে ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর এন্ট্রি করে প্রেরণ করবেন। অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে শুধু মাত্র কর্ম ও জীবনমুখী শিক্ষা এবং শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ের মধ্যে যে কোন একটি বিষয়ে ধারাবাহিক মূল্যায়ন হবে। উল্লেখ্য কৃষি শিক্ষা/গার্হস্থ্য বিজ্ঞান/উর্দু/ফার্সি বিষয়ের মধ্যে যে কোন একটি পূর্বের ন্যায় ঐচ্ছিক বিষয় হিসেবে বহাল থাকবে।
- পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে পরীক্ষা আরম্ভের কমপক্ষে তিনদিন পূর্বে সংগ্রহ করবে।
- পরীক্ষার্থীগণ নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি নির্ভুলভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই মার্জিন টানা যাবে না কিংবা অন্য কোন প্রয়োজনে উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
- পরীক্ষার্থীকে প্রত্যেক বিষয়ে স্বাক্ষরলিপিতে অবশ্যই স্বাক্ষর করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের এটি একটি নির্ভরযোগ্য দলিল।
- প্রত্যেক পরীক্ষার্থী কেবল নিবন্ধনপত্রে/প্রবেশপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। বোর্ডের পূর্বনুমতি ব্যতিরেকে ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে সংশ্লিষ্ট কেন্দ্র সচিব ও কক্ষ প্রত্যবেক্ষকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সাইটিক্যাল ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে এবং এনালগ ঘড়ি সাথে রাখতে পারবে। এছাড়া অন্য কোন ইলেকট্রনিক ডিভাইস সাথে আনতে পারবে না।
- কেন্দ্র সচিব ব্যতীত অন্য কেহ পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না। কেন্দ্র সচিব যোগাযোগের স্বার্থে সাধারণ (নন-এনড্রয়েড) মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন।
- পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।

০৬.০৮.১৮

(এস. এম. মোর্শেদ বিপুল)
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স: ৫৮৬১৭৯০৮.

ই-মেইল: controller@bmeb.gov.bd